

২০১৮

বাংলা — সাধারণ

দ্বিতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

Only for B.A. General candidates appearing as a whole

- ১। (ক) 'গৌরচন্দ্রিকা' বলতে কী বোঝ? 'গৌরাঙ্গবিষয়ক পদ'-এর সঙ্গে এর কোনো সম্পর্ক আছে কী? পাঠ্যতালিকাভুক্ত যে-কোনো একটি গৌরাঙ্গবিষয়ক পদের ভাব সৌন্দর্য আলোচনা করো। ৩+২+১০

অথবা,

- (খ) 'পূর্বরাগ'-এর সংজ্ঞা লেখো। তোমার পাঠ্য পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো। ৩+১২

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) 'এ সখি হামারি দুখের নাহি ওর।

এ ভরা বাদর মাহ ভাদর

শূন্য মন্দির মোর।'

— পর্যায় ও পদকর্তার নাম লেখো। অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

২+৩

- (খ) 'সুন্দরি কৈছে করবি অভিসার।

হরি রহ মানস-সুরধুনী পার।।'

— পদকর্তা কে? অংশটির তাৎপর্য লেখো।

১+৪

- (গ) 'এসব দুখ কিছু না গণি।

তোমার কুশলে কুশল মানি।।

সব দুখ আজি গেল দূরে।

হারান রতন পাইলাম কোরে।।'

পদকর্তা কে? অংশটির তাৎপর্য লেখো।

— পর্যায় ও পদকর্তার নাম উল্লেখ করো। বক্তা কোন 'দুখ'-এর কথা বলেছেন? সেই দুখ কীভাবে দূরে গেছে? ২+১+২

- (ঘ) 'রাতি কৈনু দিবস, দিবস কৈনু রাতি।

বুঝতে পারিনু বন্ধু তোমার পিরীতি।।

— কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? কার এই উক্তি? এই উক্তির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+১+২

Please Turn Over

- ৩। (ক) 'ভূতলে অতুল সভা স্ফটিকে গঠিত'— এখানে কোন্ সভার কথা বলা হয়েছে? এই সভার ঐশ্বর্য ও সৌন্দর্য বর্ণনা করো।
এই সভার সৌন্দর্য বর্ণনায় কবির নৈপুণ্য বিচার করো। ১+৯+৫

অথবা,

- (খ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণ চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫
- ৪। যে-কোনো দুটি অংশের প্রসঙ্গসহ তাৎপর্য লেখো : ৫×২

- (ক) 'হৃদয়-বৃন্তে ফুটে যে কুসুম
তাহারে ছিড়িলে কাল, বিকল হৃদয়
ডোবে শোক-সাগরে ...।'
- (খ) 'কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে
প্রচেতঃ।...'
- (গ) 'হায় নাথ, নিজ কর্মফলে
মজালে রাক্ষসকূলে, মজিলা আপনি'
- (ঘ) ...বিধি প্রসারিছে বাছ
বিনাশিতে লঙ্কা মম, কহিনু তোমারে।'

- ৫। (ক) 'কিন্তু তুমি যার কথা লিখবে তাকে জিতিয়ে দিও আমার হয়ে'— কার কাছে, কে এই আবেদন জানিয়েছেন? তাকে কীভাবে
এবং কেন জিতিয়ে দেবার কথা বলা হয়েছে 'সাধারণ মেয়ে' কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও। ২+১৩

অথবা,

- (খ) 'পুনশ্চ' কাব্যগ্রন্থের 'ছেলেটা' কাবিতায় কবি মুক্ত শৈশবের যে মর্মস্পর্শী কথাচিত্র রচনা করেছেন তা নিজের ভাষায় বর্ণনা
করো। ১৫
- ৬। (ক) 'কেউ কথা রাখেনি' কবিতার বিষয়বস্তু আলোচনা করে এর মর্মার্থ বুঝিয়ে দাও। ১০+৫

অথবা,

- (খ) 'নষ্টনীড়' কবিতাটির নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো। ১৫
- ৭। (ক) উদাহরণসহ দলবৃত্ত বা স্বরবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান-ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো। ১২

অথবা,

- (খ) উদাহরণসহ যে-কোনো তিনটি বিষয় বুঝিয়ে দাও : ৪×৩
অক্ষর, কলা, চরণ, যতি, মাত্রা
- ৮। ছন্দোলিপি রচনা করো (যে-কোনো দুটি) : ৪×২
(পর্ব, পদ, রীতি, লয়, পঙ্ক্তি, মাত্রার উল্লেখ বাঞ্ছনীয়)
- (ক) কেমন করে বীর ডুবুরি সিঙ্কু সৈঁচে মুক্তা আনে,
কেমন করে দুঃসাহসী চলছে উড়ে স্বর্গ পানে।

- (খ) আমি ক্লাস্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন;
আমারে দুদণ্ড শাস্তি দিয়েছিল, নাটোরের বনলতা সেন।
- (গ) তুমি জীবনের পাতায় পাতায় অদৃশ্য লিপি দিয়া,
পিতামহদের কাহিনী লিখেছ মজ্জায় মিশাইয়া।
- (ঘ) মাথার উপর ডাকল পেঁচা চমকে উঠি আরে,
আধখানা চাঁদ আটকে আছে টেলিগ্রাফের তারে।
- (ঙ) হাথক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাবুল।।
হৃদয়ক মৃগমদ গীমক হার।
দেহক সরবস গেহক সার।।
-